গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(সাধারণ শাখা)
www. chapainawabganj.gov.bd

স্মারক নং- ১২.১৭.০০০০.৭০.০৪১.০০.০০০.২০২৪- ২০৫

তারিখ- ২৫/02/২০২৬

## সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৫'-এর আলোকে চাঁপাইনবাবগঞ্জ জেলার নিম্নোক্ত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা | শূন্য ডিলার ইউনিট/সার ডিলারের কার্য এলাকা ( ওয়ার্ড নং উল্লেখসহ ) | |
|---|---|---|---|---|
| ১ | সদর | চরঅনুপনগর | ১ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বারঘরিয়া | ২ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | মহারাজপুর | ৪ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৫ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | রানীহাটি | ৬ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৭ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ইসলামপুর | ৮ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৯ | ৩,৭,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | দেবীনগর | ১০ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | সুন্দরপুর | ১১ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১২ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | চরবাগডাঙ্গা | ১৩ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১৪ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১৫ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | শাহজাহানপুর | ১৬ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | নারায়নপুর | ১৭ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ১৮ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | আলাতুলি | ১৯ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২০ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২১ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ২ | শিবগঞ্জ | শাহাবাজপুর | ২২ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২৩ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | মোবারকপুর | ২৪ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | চককীর্ত্তি | ২৫ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২৬ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | কানসাট | ২৭ | ৪,৫,৬ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ২৮ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | শ্যামপুর | ২৯ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | বিনোদপুর | ৩০ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩১ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | দুর্লভপুর | ৩২ | ৪,৫,৬ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩৩ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | মনাকষা | ৩৪ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ২ | শিবগঞ্জ | উজিরপুর | ৩৫ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩৬ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩৭ | ৭,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | পাঁকা | ৩৮ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৩৯ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ঘোড়াপাখিয়া | ৪০ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪১ | ৪,৮,৯ নংওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ধাইনগর | ৪২ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪৩ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | ছত্রাজিতপুর | ৪৪ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪৫ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | | ৪৬ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ৩ | গোমস্তাপুর | চৌডালা | ৪৭ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| ৪ | ভোলাহাট | ভোলাহাট | ৪৮ | ৭,৮,৯ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | গোহালবাড়ি | ৪৯ | ১,২,৩ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |
| | | জামবাড়িয়া | ৫০ | ৪,৫,৬ নং ওয়ার্ডের জন্য ০১ জন ডিলার |

শর্তাবলী :

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৫'- এর পরিশিষ্ট- ১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।)

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫- এর নীতিমালায় বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) **আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিস্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণ ক্ষমতাসম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদামক রাখা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তা বন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) **আবেদনকারীর অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোন আইনে দন্ড প্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২.কোন সরকারি কর্মচারী বা জন প্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না।

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে।

**(ঙ)** আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

১) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

২) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;

৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

৪) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;

৫) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;

৬) সার ব্যবস্থাপনা আইন ও সার ব্যবস্থাপনা বিধিমালা অনুসারে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সার সংরক্ষণ, বিতরণ, বিপণন ইত্যাদি কাজের জন্য নিবন্ধন সনদ (যদি থাকে)।

৭) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা।

৮) মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্যগত সনদপত্র।

৯) হালনাগাদ আয়কর রির্টান দাখিলের সনদ।

**(চ)** একই সঙ্গে জেলা প্রশাসক চাঁপাইনবাবগঞ্জ ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, চাঁপাইনবাবগঞ্জ বরাবরে আর্নেস্টমানি বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরত যোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাই কালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(ছ) আবেদন পত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

(১) ১৫ মার্চ ২০২৬ খ্রি., বেলা ৫:০০ ঘটিকা পর্যন্ত;

(২) উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, চাঁপাইনবাবগঞ্জ'র দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করা সহ এই বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫/২/২৬

(মোঃ শাহাদাত হোসেন মাসুদ)
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
ফোন:+৮৮০২৫৮৮৮৯২৩০০(অফিস)
ফ্যাক্স: +৮৮০২৫৮৮৯৩০৩২(অফিস)
mail:dcchapainawabganj@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
(সাধারণ শাখা)
www.chapainawabganj.gov.bd

স্মারক নং-১২.১৭.০০০০.৭০.০৪১.০০.০০০.২০২৪.- ১১১ তারিখ-০১/০৩/২০২৬ খ্রি.

**সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি সংশোনী**

জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর সারক নং- ১২.১৭.০০০০.৭০.০৪১.০০.০০০.২০২৪.১০৫ তারিখ-২৫/০২/২০২৬ খ্রি. মোতাবেক চাঁপাই চিত্র এবং যায়যায়দিন পত্রিকায় ২৭/০২/২০২৬ তারিখে প্রকাশিত চাঁপানবাবগঞ্জ জেলার সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিরটির আবেদন পত্রের সংগে প্রয়োজনীয় দলিলাদি/কাগজ পত্র অংশে নিম্নোক্ত শর্ত সংযোজন পূর্বক সংশোধন করা হলো।

৬.১০. আবেদন পত্রের সঙ্গে আবদেন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/ পে অর্ডার/ ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।

তবে প্রকাশিত সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য সকল বিষয় ও শর্তাবলী বহাল থাকবে।

০১/৩/২৬

(মোঃ শাহাদাত হোসেন মাসুদ)
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
ফোন: +৮৮০২৫৮৮৮৯২৩০০ (অফিস)
ফ্যাক্স: +৮৮০২৫৮৮৯৩০৩২
mail:dcchapainawabganj@mopa.gov.bd

c:\users\city\desktop\meeting writing.docx1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
www.dae.chapai.gov.bd

কৃষি সমৃদ্ধি

স্মারক নং- ১২.১৭.৭০০০.০৪১.০০.০০০.১৫- ৩২৩ (৪৭)

তারিখঃ ২৫.০২.২০২৬ খ্রিঃ

বিতরণ ও বহুল প্রচারের জন্য (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
২) পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
৩) জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সি, চাঁপাইনবাবগঞ্জ
৪) উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৫) জেলা প্রাণী সম্পদ অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
৬) জেলা মৎস্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
৭) উপজেলা কৃষি অফিসার, নবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল/ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
৮) যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, রাজশাহী
৯) উপ-পরিচালক (বীজ বিপনন), বিএডিসি, রাজশাহী
১০) উপপরিচালক, বিআরডিবি, চাঁপাইনবাবগঞ্জ
১১) উপজেলা ভূমি অফিস (সকল), চাঁপাইনবাবগঞ্জ
১২) থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), চাঁপাইনবাবগঞ্জ
১৩) জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১৪) কৃষি বিপনন কর্মকর্তা, কৃষি বিপনন অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ
১৫) প্রতিনিধি অধিনায়ক, ৫৩ বর্ডার গার্ড বাংলাদেশ, চাঁপাইনবাবগঞ্জ
১৬) সভাপতি, চাঁপাইনবাবগঞ্জ প্রেস ক্লাব
১৭) উপজেলা বিআরডিবি অফিস (সকল), চাঁপাইনবাবগঞ্জ
১৮) উপজেলা সমবায় অফিস (সকল), চাঁপাইনবাবগঞ্জ
১৯) সভাপতি চেম্বার অব কমার্স, চাঁপাইনবাবগঞ্জ
২০) বাফার ইনচার্জ বিএডিসি (সার), রহনপুর, চাঁপাইনবাবগঞ্জ
২১) বাফার গুদাম ইনচার্জ, বিসিআইসি, চাঁপাইনবাবগঞ্জ
২২) সভাপতি/সেক্রেটারী, বিএফএ, চাঁপাইনবাবগঞ্জ, জেলা শাখা
২৩) সভাপতি/সেক্রেটারী, বিএডিসি বীজ ডিলার এ্যাসোসিয়েশন, চাঁপাইনবাবগঞ্জ

২৫/২/২৬

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
খামারবাড়ি, চাঁপাইনবাবগঞ্জ
ফোন-০২৫৮৮৮-৯২০৩৪
ddaechapai@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো

১) সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৩) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশ (বিএডিসি), ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪) পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী ঢাকা- ১২১৫।
৫) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।